খেলার ছলে সাজিয়ে আমার গানের বাণী
দিনে দিনে ভাসাই দিনের তরীখানি ॥
স্রোতের লীলায় ভেসে ভেসে    সুদূরে কোন্ অচিন দেশে
কোনো ঘাটে ঠেকবে কিনা নাহি জানি ॥
নাহয় ডুবে গেলই,    নাহয় গেলই বা ।
নাহয় তুলে লও গো, নাহয় ফেলোই বা ।
হে অজানা, মরি মরি,    উদ্দেশে এই খেলা করি,
এই খেলাতেই আপন-মনে ধন্য মানি ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Paraj
Visit www.geetabitan.com for notation and other detail